

🗏 আশ-শুআ'রা | Ash-Shu'ara | الشُّعَرَاء

আয়াতঃ ২৬ : ১৬৭

💵 আরবি মূল আয়াত:

قَالُوا لَئِن لَّم تَنتَهِ يٰلُوطُ لَتَكُونَنَّ مِنَ المُخرَجِينَ ﴿١٤٧﴾

🗚 অনুবাদসমূহ:

তারা বলল, 'হে লূত, তুমি যদি বিরত না হও, তাহলে তুমি অবশ্যই বহিস্কৃতদের অন্তর্ভুক্ত হবে'। — আল-বায়ান তারা বলল- 'হে লূত! তুমি যদি বিরত না হও তবে তুমি অবশ্য অবশ্যই বহিস্কৃত হবে।' — তাইসিরুল তারা বললঃ হে লূত! তুমি যদি নিবৃত্ত না হও তাহলে অবশ্যই তুমি নির্বাসিত হবে। — মুজিবুর রহমান

They said, "If you do not desist, O Lot, you will surely be of those evicted." — Sahih International

১৬৭. তারা বলল, হে লুত! তুমি যদি নিবৃত্ত না হও, তবে অবশ্যই তুমি নির্বাসিত হবে।

তাফসীরে জাকারিয়া

(১৬৭) ওরা বলল, 'হে লূত! যদি নিবৃত্ত না হও, তাহলে অবশ্যই তুমি নির্বাসিত হবে।' [1]

[1] অর্থাৎ, লূত (আঃ)-এর উপদেশ ও নসীহতের প্রত্যুত্তরে তারা বলল, তুমি খুব বেশী পবিত্র সাজতে চাও। মনে রেখাে, যদি তুমি বিরত না হও, তাহলে আমরা তােমাকে আমাদের গ্রামে বাস করতেই দেব না। বলা বাহুল্য, আজকালও পাপের এত বিশাল ক্ষমতা ও পাপিষ্ঠদের এত বড় আধিপত্য যে, পুণ্য ও পুণ্যবান মুখ লুকিয়ে সমাজে বাস করতে বাধ্য হয় এবং সৎকর্মশীলদের জীবন সংকীর্ণ করে তােলা হয়!

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3099

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন